অ:প্র:প্র/ MSW
উ:প্র: প্রশা:৩সংস্থাপন
পরিচালক (নি:ও হি:)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
অডিট শাখা
www.rthd.gov.bd

ডাইরী নং ৪২৪৭৩
তারিখ ২০/৪/১৮
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-৩৫.০০.০০০০.০১০.০৬.০০১.১৮-১৪৫

তারিখ: ০৫/০৪/২০১৮ খ্রি:

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

বিষয়: ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে একই ধরনের আপত্তি নিষ্পত্তির জন্য কার্যপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির মোট সংখ্যা ১১৫৯২টি। জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। গত ফেব্রুয়ারি ২০১৮ মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী পূর্ত অডিট অধিপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে অধিক সংখ্যক আপত্তি নিষ্পত্তির জন্য ক্র্যাশ প্রোগ্রামের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জন্য আপত্তিসমূহের কার্যপত্র প্রস্তুত করে এ বিভাগে প্রেরণ করা প্রয়োজন। সড়ক বিভাগসমূহে উত্থাপিত আপত্তিসমূহের মধ্যে একই ধরনের আপত্তির একটি তালিকা সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, তালিকায় উল্লিখিত ধরন অনুযায়ী আপনার দপ্তরে অনিষ্পন্ন আপত্তিসমূহের যথাযথ প্রমানকসহ কার্যপত্র প্রস্তুত করে আগামী ১৫/০৪/২০১৮ তারিখের মধ্যে সরাসরি এ বিভাগের অডিট শাখায় বিনা ব্যর্থতায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৫.০৪.১৮

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোন: ৮৮-০২-৯৫৭৪৫৩৪
ই-মেইল: sasaudit@rthd.gov.bd

নির্বাহী প্রকৌশলী (সকল)
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ, ...............

অনুলিপি:

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), সড়ক ও জনপথ অধিদপ্তর, ..............................
(এ বিষয়ে সকল নির্বাহী প্রকৌশলীকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০৩। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। অফিস কপি/মাস্টার কপি।

ডাইরী নং ২৮৮০
তাং ২০/৪/১৮

স্মারক নং-১প্রশাঃ ৮৪/০৫(৪র্থ খন্ড)-৪৫৬-০২-ই তারিখঃ ১০-০৪-১৮

অনুলিপি জ্ঞাতার্থে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, অডিট শাখা এর স্মারক নং-৩৫. ০০.০০০০.০১০.০৬.০০১.১৮-১৪৫ তারিখ ০৫-০৪-২০১৮ এর চাহিদা মোতাবেক তার দপ্তর সংশ্লিষ্ট অনিষ্পন্ন আপত্তিসমূহের যথাযথ প্রমাণকসহ কার্যপত্র প্রস্তুত করে আগামী ১৫-০৪-২০১৮ তারিখের মধ্যে সরাসরি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, অডিট শাখায় বিনা ব্যর্থতায় প্রেরণ নিশ্চিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলোঃ

১। নির্বাহী প্রকৌশলী, সওজ, ........................................

২। পরিচালক, সওজ, নিরীক্ষা ও হিসাব, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(মোঃ মনিরুজ্জামান)
পরিচিতি নং-০০০৪২২
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫।

অগ্রিম অনুচ্ছেদের শিরোনাম:

| ক্রঃনং | আপত্তির শিরোনাম |
|---|---|
| ১. | নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হওয়া সত্ত্বেও অনিয়মিতভাবে ঠিকাদারের প্রতি আনুকুল্য প্রদর্শনপূর্বক কাজের বর্ধিত মঞ্জুর করায় সরকার রাজস্ব হতে বঞ্চিত। |
| ২. | দরপত্র বক্স কাটিং হতে প্রাপ্ত মাটি কাজের ব্যবহারের সংস্থান না করায় সরকারের আর্থিক ক্ষতি। |
| ৩. | রাস্তা নির্মাণ কাজে পরিকল্পনা মন্ত্রণালয়ের রোড ডিজাইন ষ্ট্যান্ডার্ড লংঘন করে এগ্রিগেট বেইজ টাইপ-১ এর গুরুত্ব বেশী দেখিয়ে ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ, সরকারের আর্থিক ক্ষতি। |
| ৪. | অনুমোদিত প্রাক্কলিত মূল্য অপেক্ষা উলেস্নখযোগ্যভাবে কম মুল্য উদ্ধৃত করা সত্ত্বেও কার্যাদেশ প্রদানে, অনিয়মিত ব্যয়। পিপিআর-২০০৮ বিধি লংঘন। |
| ৫. | নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদনে ব্যর্থ ঠিকাদারগণের নিকট হতে বিলম্ব জরিমানা বাবদ টাকা আদায় করা হয়নি। সরকারের আর্থিক ক্ষতি। |
| ৬. | জেলা প্রশাসকের কার্যালয়কে ভূমি অধিগ্রহনের অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎস কর কর্তন না করায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন ৫২ সি এবং ২% আনুসাঙ্গিক খরচ পরিশোধ করায় অর্থ মন্ত্রণালয়ের ২৫-০১-২০০৭ তারিখের ২৮১ নং আদেশ লংঘন। |
| ৭. | রাস্তার চেইনেজ বিহীন প্রাক্কলন প্রস্তুত ও আহবানকৃত দরপত্রের বিপরীতে অনিয়মিতভাবে ১,৪৪,৬৫,৫৮৯/-টাকার দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন/সুপারিশ। |
| ৮. | সড়ক নির্মাণ কাজে ব্রীজ কালভার্ট এর গ্যাপ বাদ না দিয়ে প্রাক্কলন প্রস্তুত, দরপত্র আহবান, কার্যাদেশ প্রদান ও কার্যমূল্য পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৫৪,৬৬,৩১৮/-টাকা। |
| ৯. | সাববেইজ হতে বেইজ টাইপ-১ কাজে অতিরিক্ত কাজ সম্পাদন প্রদর্শন করে ঠিকাদারকে কার্যমূল্য পরিশোধ করায় সরকারি অর্থের ক্ষতি জড়িত টাকা ১,৯৯,৫৯,৮১৯/- |
| ১০. | সম্পাদিত চুক্তি মূল্য অপেক্ষা ঠিকাদারকে অননুমোদিত কাজের জন্য অতিরিক্ত বিল পরিশোধের মাধ্যমে অনিয়মিত ব্যয়। জড়িত ১,০৩,৩৪,১৭১/-টাকা |
| ১১. | টেন্ডারের শর্ত অনুযায়ী মান নিয়ন্ত্রণের জন্য টেষ্ট রিপোর্ট ব্যতীত কার্যসম্পাদন করায় সরকারের আর্থিক ক্ষতি। |
| ১২. | নতুন ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ কাজের বিটুমিন কার্পেটিং এর কাজ না করেই শুধু সীল কোটের কাজ করা দেখিয়ে বিল পরিশোধে সরকারের আর্থিক ক্ষতি। |
| ১৩. | পিপিআর ২০০৩ লংঘনপূর্বক কার্যসম্পাদনের মাধ্যমে অনিয়মিতভাবে বিল পরিশোধ। |

সাধারণ অনুচ্ছেদের শিরোনামঃ

| ক্রঃনং | আপত্তির শিরোনাম |
|---|---|
| ১. | মাটির সিংকেজ বাদ না দিয়ে ঠিকাদারকে অতিরিক্ত পরিশোধ। |
| ২. | টেককোটের পরিমান বেশী দেখিয়ে প্রাক্কলন প্রস্তুত করে কার্যাদেশ প্রদান করে সরকারের আর্থিক ক্ষতি। |
| ৩. | পিপিআর/২০০৮ এর প্রবিধান অনুযায়ী ঠিকাদারদের বিলে নির্দিষ্ট হারের চেয়ে জামানতের টাকা কম কর্তন। |
| ৪. | পিপিআর-২০০৮ এর নির্দেশ লংঘন করে বার্ষিক কর্ম পরিকল্পনা (এপিপি) অনুমোদন ছাড়াই অতিরিক্ত খরচ। |
| ৫. | অনুমোদিত প্রাক্কলনে প্রদর্শিত চেইনেজ অপেক্ষা অতিরিক্ত চেইনেজ ও বিভিন্ন কাজের মেজারমেন্ট নিয়ে বিল পরিশোধে সরকারের অতিরিক্ত ব্যয়। |
| ৬. | কাজে ব্যবহৃত রডের টেষ্ট রিপোর্ট ব্যতীত ঠিকাদারকে পরিশোধ করায় কাজের গুনগত মানের বিষয়টি অনিশ্চিত। |
| ৭. | ব্রীজ এপ্রোচ সড়ক নির্মাণ কাজে প্রাপ্ত মাটি ঠিকাদার কর্তৃক সরবরাহ করা মাটি হতে বাদ না দিয়ে হিসাব করায় আর্থিক ক্ষতি। |
| ৮. | স্যালভেজ মালামালের মূল্য বাবদ সরাসরি আদায় না করে আইটেম এর মাধ্যমে কর্তন করায় সরকারের রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। যা জরুরি ভিত্তিতে আদায়যোগ্য। |